**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 27-01-2026** **Desk in Charge: S.D.G.**

**Time : 7-50 PM** **Compiling : Priya B.**

**DEO : KB** **NRT: Priya B.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যের সীমান্তবর্তী ৯ টি জেলায় কাঁটাতার লাগানোর জন্য কেন্দ্রকে জমি হস্তান্তর করতে রাজ্যকে সময়সীমা বেঁধে দিয়েছে কলকাতা হাইকোর্ট।

২) দক্ষিণ ২৪ পরগণার নরেন্দ্রপুরের নাজিরাবাদে, বিধ্বংসী অগ্নিকান্ডে এখনো বহু মানুষ নিখোঁজ। সরকারিভাবে আট জনের মৃত্যুর কথা জানানো হয়েছে।

৩/ বিজেপির নব নির্বাচিত সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, দলীয় কর্মসূচীতে অংশ নিতে দু'দিনের সফরে আজ রাজ্যে এসে পৌঁছেছেন।

৪/ রাজ্যের সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন শুরু হচ্ছে তেসরা ফেব্রুয়ারী।

৫/ বাংলা জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির গ্রুপ-এ লিগ ম্যাচে আগামীকাল তামিলনাড়ুর বিরুদ্ধে খেলবে।

*********************************************************************

রাজ্যের সীমান্তবর্তী ৯ টি জেলায় কাঁটাতার লাগানোর জন্য কেন্দ্রকে জমি হস্তান্তর করতে সময়সীমা বেঁধে দিয়েছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ আজ নির্দেশ দিয়েছেন, ৩১শে মার্চের মধ্যে এই জমি হস্তান্তর করতে হবে। ১৮১ কিলোমিটার জমি অধিগ্রহণের জন্য টাকা দিয়েছে কেন্দ্র। সেই জমি অধিগ্রহণ হলেও তা' এখনো হস্তান্তর করা হয়নি। আদালতে জানিয়েছে, এই জমি নির্দাহিত সময়সীমার মধ্যে BSF কে হস্তান্তর করতে হবে। এক্ষেত্রে SIR প্রক্রিয়ার অজুহাত দেওয়া চলবে না।
আর, যে জমি অধিগ্রহণের বিষয়ে এখনো রাজ্য ক্যাবিনেটের অনুমোদন মেলেনি, জাতীয় নিরাপত্তার কথা বিবেচনা করে তা', আইন অনুযায়ী জরুরি ভিত্তিতে অধিগ্রহণ করা যায় কিনা- সে বিষয়ে কেন্দ্র-রাজ্য ও সংশ্লিষ্ট সব পক্ষকে হলফনামা দিতে নির্দেশ দিয়েছে আদালত। আগামী দোসরা এপ্রিল মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, জমি হস্তান্তর নিয়ে রাজ্যের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ তুলে হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছিলেন প্রাক্তন সেনাকর্মী সুব্রত সাহা।

**********************

দক্ষিণ ২৪ পরগণার নরেন্দ্রপুরের নাজিরাবাদে, বিধ্বংসী অগ্নিকান্ডে এখনো বহু মানুষ নিখোঁজ। সরকারিভাবে মৃত আট জনের মৃত্যুর কথা জানানো হয়েছে। DNA পরীক্ষার পর পরিবারের হাতে দেহ তুলে দেওয়া হবে। আগুনে দুটি গুদাম সম্পূর্ণ ভস্মীভূত। গ্যাস কাটার দিয়ে ধ্বংসস্তুপ সরিয়ে নিখোঁজদের সন্ধানে চলছে তল্লাশি। মৃতের সংখ্যা আরো বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। এদিকে, দমকল মন্ত্রী সুজিত বসু, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম, ঘটনাস্থল পরিদর্শনে যান। গিয়েছিলেন প্রক্তন ভারতীয় ক্রিকেটার ময়নার বিজেপি বিধায়ক অশোক দিন্দা।

অন্যদিকে, অবৈধভাবে জলা জমি ভরাট করে গুদাম তৈরীর অভিযোগে অগ্নিদগ্ধ গুদামগুলির সামনে বিজেপির বিক্ষোভ কর্মসূচীকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। দমকল মন্ত্রীকে ঘিরে বিক্ষোভ দেখালে পাল্টা তৃণমূল কর্মীরাও বিক্ষোভ শুরু করে। দু'পক্ষের ধস্তাধস্তিতে উত্তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি।

পশ্চিম মেদিনীপুরের পিংলার থানার মালিগেড়িয়া গ্রামের তিন যুবক কৃষ্ণেন্দু ধাড়া, বিশ্বজিৎ সাউ এবং অনুপ প্রধান, এই অগ্নিকাণ্ডের পর থেকে নিখোঁজ। কর্মসূত্রে তাঁরা নরেন্দ্রপুরেই থাকতেন। উৎকণ্ঠায় রয়েছেন পরিবারের সদস্যরা।

অন্যদিকে রাজ্য সরকার, নাজিরাবাদে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের পরিবারকে সহায়তা করার সিদ্ধান্ত নিয়েছে। ঘটনাস্থল পরিদর্শনের পর পুরমন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন, ক্ষতিগ্রস্তদের পরিবার পিছু ১০ লক্ষ টাকা করে সহায়তা দেওয়া হবে।

***********************

বিজেপির নব নির্বাচিত সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, দলীয় কর্মসূচীতে অংশ নিতে দু'দিনের সফরে আজ রাজ্যে এসে পৌঁছেছেন। পশ্চিম বর্ধমানের অন্ডাল বিমান বন্দরে তাঁকে স্বাগত জানান বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য সহ বিজেপির রাজ্য নেতৃত্ব। বিমান বন্দর থেকে সোজা দুর্গাপুরের উদ্দেশে রওনা হন তিনি। সেখানে চিত্রালয় ময়দানে কমল মেলার উদ্বোধন করেন তিনি।

এরপর দুর্গাপুরের একটি বেসরকারি হোটেলে সাংগঠনিক বৈঠক করবেন তিনি। আগামীকাল শ্রী নবীন দুর্গাপুর ভিরিঙ্গি কালীমন্দিরে পূজা দেবেন এবং চিত্রালয় মেলা ময়দানে কার্যকর্তা সম্মেলনে অংশ নেবেন। রানীগঞ্জে অপর একটি সাংগঠনিক বৈঠকে যোগ দেওয়ার কর্মসূচী রয়েছে তাঁর।

***********************

সমাজবাদী পার্টির সভাপতি, অখিলেশ যাদব আজ নবান্নে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে সাক্ষাৎ করেন। বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে, SIR প্রক্রিয়া নিয়ে বিজেপি ও নির্বাচন কমিশনের সমালোচনা করেন তিনি। SIR-কে বিরোধী ভোট কাটার অস্ত্র হিসাবে ব্যবহার করা হচ্ছে বলে তাঁর অভিযোগ। মুখ্যমন্ত্রী জানান, সময়ের অভাবে বৈঠক দীর্ঘ হয়নি, তবে রাজনৈতিক বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে।

অখিলেশ যাদবের বক্তব্যের বিরোধিতা করেছেন বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য- ( বাইট- শমীক )

************************

Pro-Governance and Timely Implementation- PRAGATI (প্রগতি) পরিমণ্ডলের আওতায় ভারতে পুনর্নবিকরণ শক্তি, বিশেষ করে সৌর ও বায়ু শক্তি বিস্তারের জন্য, **পরিবেশ বান্ধব শক্তি** করিডর কর্মসূচী গ্রহণ করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরাসরি তত্ত্বাবধানে এই প্রকল্পগুলির বাস্তবায়নের কাজ চলছে। এর লক্ষ্য- দেশের দূষণ মুক্ত শক্তি ক্ষেত্রের উত্তরণ। এই কর্মসূচির তৃতীয় বিভাগে উচ্চ শক্তি সম্পন্ন আন্তঃরাজ্য সংবহন ব্যবস্থার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। ৭৬৫ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন দ্বিমুখী সংবহন লাইন প্রায় ২৮৯ কিলোমিটার জুড়ে গড়ে তোলা হয়েছে। তৈরী হয়েছে একাধিক সাব স্টেশন । এই কর্মসুচিটিকে ২০১৮ সালের সেপ্টেম্বরে প্রগতি প্রকল্পের আওতায় আনা হয়।

************************

সুশাসন ও সময়ে বাস্তবায়ন- Pro Governance and Timely Implementation PRAGATIর পরিমন্ডলে দেশব্যাপী একাধিক রেল পরিকাঠামো উন্নয়নের কাজ হাতে নিয়েছে সরকার। এ রাজ্যেও চলছে কাজ। এই নিয়ে পূর্ব রেলের ডেপুটি জেনারেল ম্যানেজার তথা মুখ্য জনসংযোগ আধিকারিক শিবরাম মাঝির সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি ও DTH বাংলায় এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

************************

রাজ্যের সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন আরও পিছল। ৩১ জানুয়ারির পরিবর্তে তেসরা ফেব্রুয়ারি থেকে অধিবেশন শুরু হতে পারে বলে বিধানসভা সূত্রে জানা গেছে। অধিবেশন চলবে ৯ ফেব্রুয়ারি পর্যন্ত। এই অধিবেশনে বিধানসভা ভোটের আগে তিন

মাসের জন্য রাজ্যের অন্তর্বর্তীকালীন বাজেট প্রস্তাব পেশ করা হবে। ৫ ফেব্রুয়ারি রাজ্য বাজেট পেশ হতে পারে বলে জানা গেছে।

***********************

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কোলাঘাটের অফিসে গত লোকসভা নির্বাচনের সময় তল্লাশির ঘটনায় দায়ের হওয়া মামলায় তাঁর সুরক্ষা কবচের মেয়াদ বাড়িয়েছে কলকাতা হাইকোর্ট। তদন্তে স্থগিতাদেশ না দিলেও বিচারপতি শুভ্রা ঘোষ ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত বিরোধী দলনেতার বিরুদ্ধে কোন কড়া পদক্ষেপ নেওয়া যাবেনা বলে নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, লোকসভা নির্বাচনের সময় বেআইনি কার্যকলাপের অভিযোগে বিরোধী দলনেতার কোলাঘাটের অফিসে তল্লাশি চালায় পুলিশ। পুলিশ তাঁকে গ্রেফতার করার অজুহাত খুঁজছে এই অভিযোগে শুভেন্দু অধিকারী কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন। ২০ ফেব্রুয়ারি ফের মামলার শুনানি হবে।

***********************

৪৯ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলায় প্রতিবারের মতো এবারও ভারত সরকারের প্রকাশনা বিভাগ স্টল দিয়েছে। আজ মেলার ষষ্ঠ দিনে বইমেলার এই স্টল টি ঘুরে দেখেন পাবলিকেশন ডিভিশনের প্রিন্সিপাল ডিজি ভূপেন্দ্র কায়ন্থলা।

তিনি বলেন- ( বাইট- ভূপেন্দ্র কায়ন্থলা )

কলকাতা পাবলিকেশন ডিভিশনের অধিকর্তা সুমিতা চক্রবর্তী আকাশবাণীকে জানান, আগামীকাল থেকে তাদের স্টলে পাঁচটি নতুন বই পাওয়া যাবে, যার মধ্যে চারটি সিনেমা সংক্রান্ত। ঋত্বিক ঘটকের জন্ম শতবার্ষিকী উপলক্ষে একটি বই এবার প্রকাশ করছে পাবলিকেশন ডিভিশন। সংস্থা প্রতিবারের মতো এবারও ভালো ব্যবসা করছে বলে জানান তিনি।

***********************

শনিবার ব্যাংকের পূর্ণ দিবস ছুটি ও সপ্তাহে ৫ দিন কাজের দাবীতে ব্যাংক কর্মীদের ৯ টি সংগঠনের যৌথ মঞ্চ- UFBU এর ডাকা আজ দেশ জুড়ে ব্যাংক ধর্মঘট সফল হয়েছে বলে সংগঠনের তরফে জানানো হয়েছে। সংগঠনের রাজ্য আহ্বায়ক সুদীপ দত্ত জানিয়েছেন, দাবী পূরণ না হলে বৃহত্তর আন্দোলনের পথে জাবেন তাঁরা।

এদিকে, টানা চারদিন ছুটির পর আজ'ও ব্যাঙ্ক বন্ধ থাকায় দেশ ব্যাপী চরম অসুবিধার মধ্যে পড়েন গ্রাহকরা।

************************

জম্মু কাশ্মীরের পহেলগাঁওয়ে নৃশংস জঙ্গী আক্রমণে ২৬ জনের হত্যার পরই গত বছর ২৪ শে এপ্রিল উধমপুরে সেনা–জঙ্গী সংঘর্ষে নিহত হন ভারতীয় সেনা জওয়ান নদীয়ার ঝন্টু আলি শেখ। এবার তাঁকেই সেনা চক্রে সম্মানিত করল কেন্দ্রীয় সরকার। মরণোত্তর সেনা মেডেলে ভূষিত করা হয়েছে তাঁকে। দেশের নিরাপত্তায় ঝন্টুর সর্বোচ্চ আত্মত্যাগকে স্বীকৃতি জানাতেই কেন্দ্রের এই সিদ্ধান্ত।

ঝন্টু আলী শেখকে মরোণত্তর বীরচক্র সম্মানে ভূষিত করায় আবেগপ্লুত তাঁর পিতা সবুর আলী শেখ- ( বাইট- সবুর আলী )

************************

গতবারের বিজয়ী বাংলা জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির গ্রূপ-এ লিগ ম্যাচে আগামীকাল তামিলনাড়ুর বিরূদ্ধে খেলবে। সিলাপাথার স্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর দুটোয়। বাংলা টানা তিন ম্যাচ জিতে ৯ পয়েন্ট নিয়ে গ্রুপ শীর্ষে থেকে কোয়ার্টার ফাইনালে ওঠা নিশ্চিত করেছে। অন্যদিকে তামিলনাড়ু সমসংখ্যক ম্যাচে ছয় পয়েন্ট সংগ্রহ করে দ্বিতীয় স্থানে রয়েছে।

**********************************************************************